কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

চন্দ্রঘোনা, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সূত্র নং- ৩৬.০১.৮৪৩৬.৭০৭.১৮.(০.৩৯).২৫/২৮৯৮ তারিখঃ ৩০.১২.২০২৫ খ্রি.

বি জ্ঞ প্তি

বিষয় ঃ রাষ্ট্রীয় শোক পালন ও সাধারণ ছুটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে সরকারি নির্দেশনা মোতাবেক আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. হতে শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ খ্রি. পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচি হিসেবে উক্ত তিনদিন অত্র কারখানা ও এর নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ খ্রি. কারখানার সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও তাঁর আত্মার শান্তির জন্য প্রার্থনার আয়োজন করা হবে। আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. অত্র কারখানায় কর্মরত সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাবৃন্দের জন্য সাধারণ ছুটি থাকবে। উক্ত দিন যাদের সাপ্তাহিক বিরতি থাকবে তারা পরবর্তী দিন উক্ত ছুটি ভোগ করবেন।

উৎপাদনের স্বার্থে কারখানার অত্যাবশ্যকীয় বিভাগ/শাখা সমূহ ন্যূনতম সংখ্যক শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা দ্বারা চালু রাখা হবে। উক্ত কর্মদিবসে শ্রম আইন অনুযায়ী সুবিধা প্রাপ্য হবেন। এ ব্যাপারে বিভাগীয় প্রধানগণ যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

৩০/১২/২০২৫

(শামীম আহম্মদ)
উপ-প্রধান রসায়নবিদ
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

বিতরণে ঃ সংশ্লিষ্ট সকল।

প্রতিলিপি ঃ

০১। উপ- প্রধান রসায়নবিদ, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেপিএম লিঃ।
০২। সকল বিভাগীয় প্রধান ও শাখা প্রধান,..... কেপিএম লিঃ।
০৩। সভাপতি/সাধারণ সম্পাদক, কেপিএম শ্রমিক কর্মচারী পরিষদ (সিবিএ), কেপিএম লিঃ।
০৪। সভাপতি/সাধারণ সম্পাদক, কেপিএম অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন/মহিলা ক্লাব/কেভি ক্লাব/ চিত্ত বিনোদন কেন্দ্র, কেপিএম লিঃ।
০৫। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক, কেপিএম স্কুল এন্ড কলেজ/কর্ণফুলী শিশু বিদ্যালয়/ইসলামী শিশু একাডেমী।
০৬। পেশ ইমাম, কেপিএম কেন্দ্রীয় জামে মসজিদ-মিলাদ মাহ্ফিলের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

০১। উপজেলা নির্বাহী অফিসার, কাপ্তাই উপজেলা।
০২। অফিসার ইনচার্জ, কাপ্তাই থানা।
০৩। ইন্সপেক্টর, ডিএসবি,চন্দ্রঘোনা।
০৪। আর, আই, ডিসিএল বাংলো পুলিশ ক্যাম্প, চন্দ্রঘোনা।

০১। চেয়ারম্যান, ১নং চন্দ্রঘোনা ইউনিয়ন পরিষদ।
০২। নোটিশ বোর্ড।
০৩। অফিস কপি।